দেশের অন্যান্য শিক্ষিত তরুণরাও বিশ্ব সফটওয়্যার মার্কেটে নিজেদের অবস্থান নিশ্চিত করতে উদ্বুদ্ধ হবে।

গত জুলাই মাসে দেশে ভিস্যাট চালু হওয়ায় ইনফরমেশন সুপার হাইওয়েতে প্রবেশের পথ উম্মুক্ত হয়েছে। বিশ্বব্যাপী তথ্য বিপ্লবের সঙ্গে একাত্ম হওয়ার উদ্দেশ্যেই পিসিএস আর্থিক ঝুঁকি নিয়ে ভিস্যাট বসিয়ে স্বল্পমূল্যে ইন্টারনেট সার্ভিস দেওয়ার উদ্যোগ নিয়েছে। দেশের ছাত্র শিক্ষক ও গবেষকসহ সকলেই যেন ইন্টারনেটের মাধ্যমে বিশ্ব তথ্য ভান্ডার ব্যবহার করতে সক্ষম হয় সে জন্যে সার্ভিস চার্জ খুব কম ধরা হচ্ছে ডঃ ফারুক আরও বলেন যে দেশে এই নতুন প্রযুক্তির (ভিস্যাট) বিকাশ ঘটায় যারা সফটওয়্যার ডেভেলপমেন্ট ও ডাটাএন্ট্রির কাজে এগিয়ে আসবেন তাদেরকেও খুব কম হারে অনলাইন সার্ভিস ব্যবহারের সুযোগ দেয়া হবে। এর ফলে দেশের প্রচুর শিক্ষিত তরুণের কর্মসংস্থানের ব্যবস্থা হবে বলে তিনি দৃঢ় আশা ব্যক্ত করেন।


জাকারিয়া স্বপন

দেশের ছোট ছোট এনজিওগুলো যদি তরুণদের কর্মসংস্থান এবং সংশ্লিষ্ট সংস্থার ইনকাম জেনারেশানের জন্য কমপিউটার ট্রেনিং, ডাটাএন্ট্রি ও সফটওয়্যার ডেভেলপমেন্টের পরিকল্পনা হাতে নেয় তবে প্রশিকা তাদের আর্থিক ও কারিগরী সহযোগীতা দেবে কিনা জানতে চাওয়া হলে ডঃ ফারুক দৃঢ় কণ্ঠে বলেন, "যারা আমাদের সঙ্গে ইনফরমেশন রেভেলিউশনে যোগ দিতে চান তাদেরকে আমরা অবশ্যই সাধ্যমত সহযোগীতা করব। এ ব্যাপারে আমরা ইতিমধ্যেই কিছু উদ্যোগ গ্রহণ করেছি।"

'কমপিউটার জগৎ'- এর গত সংখ্যায় (আগষ্ট) প্রকাশিত সফটওয়্যার ও প্রযুক্তি উদ্যানের উদ্যোগের ব্যাপারে এবং পিসিএস-এর বর্তমান উদ্যোগ গুলোকে আরও সম্প্রসারিত করে দেশে সফটওয়্যার শিল্পের দ্রুত বিকাশে সফটওয়্যার ও টেকনোলজী উদ্যানের মতই সহায়তা দেওয়ার সম্ভাবনার দিকে তার দৃষ্টি আকর্ষণ করা হলে ডঃ ফারুক বলেন যে, "আমরা এ ধরণের পরিকল্পনাগুলোকে ,অবশ্যই স্বাগত জানাবো। কারণ আধুনিক প্রযুক্তির প্রয়োগ করতে না পারলে দেশের অর্থনৈতিক অগ্রগতি হবে না। আমাদের অবশ্যই আধুনিক প্রযুক্তি ব্যবহার করতে সক্ষম এরকম দক্ষ জনবল গড়ে তুলে দেশে আধুনিক প্রযুক্তির বিকাশ ঘটাতে হবে।"

দেশের বিভিন্ন এনজিও তাদের দারিদ্র বিমোচন কর্মসূচীসহ বিভিন্ন সমাজ কল্যাণমুখী পরিকল্পনার ব্যায়ভার মেটাবার জন্য সরকারী সাহায্য বা বিদেশী ডোনারদের দ্বারস্থ হওয়া ছাড়াও কিছু ইনকাম জেনারেটিং প্রজেক্ট চালু করেছে। যেমন ব্র্যাকের আছে ব্র্যাক প্রিন্টার্স, আড়ং-এর গার্মেন্টস্ ইন্ডাষ্ট্রি ইত্যাদি। যদি দেশীয় এনজিওগুলি তাদের ইনকাম জেনারেটিং প্রজেক্টগুলোর কর্মসূচীতে প্রশিকার মত সফটওয়্যার ভিত্তিক প্রতিষ্ঠান অর্ন্তভূক্ত করে তবে একদিকে যেমন তারা একটা অত্যন্ত লাভজনক শিল্পে বিনিয়োগ করার সুযোগ পাবে এবং এর অর্জিত মুনাফা দিয়ে তারা তাদের কাঙ্খিত সমাজ কল্যাণমূলক প্রজেক্টগুলো চালাতে পারবে অন্যদিকে দেশের বেকার শিক্ষিত তরুণদের কর্মসংস্থানের ও সুযোগ ঘটবে।

প্রাথমিক পর্যায়ে যদি এনজিওগুলো প্রশিকার মত দেশের তরুণদের ট্রেনিং দিয়ে এই শিল্পের জন্য প্রয়োজনীয় কিছু দক্ষ জনশক্তি গড়ে তোলার দায়িত্ব নেয় এবং প্রমান করতে পারে যে এদের দিয়েই লাভজনকভাবে ডাটাএন্ট্রি ও রপ্তানীমুখী সফটওয়্যার শিল্প পরিচালনা করা সম্ভব তখন দেশের ব্যবসায়ী ও শিল্প উদ্যোক্তারাও এগিয়ে আসবেন তাদের পুঁজির ভান্ডার ডাটাএন্ট্রি ও সফটওয়্যার শিল্পের বিনিয়োগের জন্য। এভাবেই দেশে গড়ে তোলা সম্ভব হবে নতুন শতাব্দীর সবচেয়ে লাভজনক শিল্প-রপ্তানীমুখী সফটওয়্যার শিল্প। মেধাভিত্তিক এই শিল্প উদ্যোগে আমরা অবশ্যই বিশ্ব সফটওয়্যার বাজারে আমাদের স্থান করে নিতে সক্ষম হব। ■

## পাঠকের প্রতি

কমপিউটার বিষয়ক আপনার যে-কোন লেখা, চমকপ্রদ অভিজ্ঞতা, আইডিয়া, সফটওয়্যার টিপস, মতামত বা পুস্তক সমালোচনা লিখে পাঠালে আমরা তা কমপিউটার জগৎ-এ প্রকাশ করতে পারলে আনন্দিত হবো। ছাপানো লেখার জন্য লেখকদের যথাযথ সম্মানী দেয়া হয়। আপনাদের সহযোগিতা আমাদের কাম্য।

এছাড়া আপনার বা আপনার টিমের তৈরী করা সফটওয়্যার টিপস্, ট্রিকস্, কারুকাজ, সফটওয়্যারের ডেমো ইত্যাদি দেশে-বিদেশে সবার কাছে পৌছানো বা পরিচিত করার জন্য তা আমাদের বিবিএস-এ পাঠাতে পারেন। সরাসরি না পাঠাতে পারলে ডিস্কের মাধ্যমে আমাদেরকে পৌছে দিন। বিবিএস-এ আপনার পক্ষে আমরা তা ডাউনলোড করে দিব। ডিস্ক ফেরৎ দিয়ে দেয়া হবে। স.ক.জ.


GateWay Computer Systems Ltd.



*Presents ...*

**Selling**

Computer(**AuRa** Brand), Printer, UPS, Stabilizer

**Solution**

Networking (Novell, Linux, Unix)
Software Development
Hardware Maintenance
Servicing

**Training**

- DOS, WordPerfect, Lotus, dBase
- Windows, MS-Word 6, MS-Excel 5
- Access 2.0, Powerpoint 4, Harvard Graphics
- C++, FoxPro 2.6, FORTRAN 77, AutoCAD 13
- UNIX, Novell, Linux
- Hardware Maintenance & Troubleshooting

*We Suggest you ..* Never run after many vendors for things of one COMPUTER

**136 Shantinagar Dhaka 1217**
Phone: 838692, 406821, 835192. FAX: 880-2-835192